

ঢাকা ওয়াসা

বিষয়ঃ "Repairing Of HDPE Water Pipe Leakage & Removal dirty Water H#25, R#01, Block#E, Sector#1 Aftabnagar (DMA-806) under MODS Zone-8, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

সংযুক্তি-১। ২০২৬-২০২৭ অর্থ বছরের অত্র বিভাগের বরাদ্দকৃত বাজেটের কপি।

সংযুক্তি-২। গ্রাহকের নিকট হতে প্রাপ্ত অভিযোগের কপি।

সংযুক্তি-৩। পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্তি-৪। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি-৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৬ এর আওতাধীন আফতাবনগর ব্লক "ই" এলাকায় বসবাসরত জনসাধারণ এর নিকট হতে সরাসরি অভিযোগ কেন্দ্রে এবং ওয়াসা লিংক 16162 এ পানির লাইনের লিকেজ ও ময়লা পানি পাওয়ার অভিযোগ পাওয়া গেছে (টিকেট নং-260822113230694)। পানির লাইনের লিকেজ ও ময়লা পানি পাওয়ার অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে এলাকা সমূহে সুষ্ঠুভাবে পানি সরবরাহ করার লক্ষ্যে পি.এল.এম. সহকারে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, প্লট নং- ৪৬, ব্লক# "ই" আফতাবনগর এলাকায় ০২ (দুই) টি স্থানে বিদ্যমান ৬ ইঞ্চি ব্যাসের পানির পাইপ লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হচ্ছে। উক্ত লিকেজ এর স্থান দিয়ে ডেনের ময়লা পানি ওয়াসার পানির লাইনে প্রবেশ করে সংশ্লিষ্ট গ্রাহকদের হোল্ডিং এ যাচ্ছে এবং গ্রাহকগণ উক্ত ময়লা পানি পান করে বিভিন্ন পানি বাহিত রোগে আক্রান্ত হচ্ছে। যা বর্তমান সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে। এছাড়া এতে ঢাকা ওয়াসার আর্থিক ক্ষতি হচ্ছে। পানির অপচয় রোধ করার জন্য অতি জরুরী ভাবে লিকেজটি মেরামত করা প্রয়োজন। অন্যথায় ময়লা পানি ঢাকা ওয়াসার পানির পাইপে ময়লা প্রবেশ করে বিভিন্ন ধরনের রোগ হয়ে জনসাধারণের দূর্ভোগের সৃষ্টি করবে। এতে করে ঢাকা ওয়াসার সুনাম ক্ষুণ্ণ ও ভাবমূর্তি নষ্ট হবে। আলোচ্য কাজটি করার জন্য ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার টাকার পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোট ৪৮,৮৩০.৪২১ (আটচল্লিশ হাজার আটশত ত্রিশ দশমিক চার দুই এক টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং-৪ দ্রঃ)। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরের অত্র বিভাগের বরাদ্দকৃত বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে।

২। এমতাবস্থায়, "Repairing Of HDPE Water Pipe Leakage & Removal dirty Water H#25, R#01, Block#E, Sector#1 Aftabnagar (DMA-806) under MODS Zone-8, Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির সর্বমোট সর্বমোট ৪৮,৮৩০.৪২১ (আটচল্লিশ হাজার আটশত ত্রিশ দশমিক চার দুই এক টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি PPR-2025 এর ৯৯(১) বিধির (ড) উপ-বিধি অনুযায়ী রুসাফা কর্পোরেশন এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) সম্পাদন করার জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২০.০৮.২৬

২০.০৮.২৬

মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা

২০.০৮.২৬

অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

২০.০৮.২৬

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

২০.০৮.২৬

২০.০৮.২৬

আলিমুল হক
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।